

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলীরোড, ঢাকা

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৭৭.০০৭.২১.৭৫৬

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

বিষয়: সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন উল্লাপাড়া কামিল মাদ্রাসার গ্রন্থাগারিক জনাব মোঃ নুরুল ইসলাম (ইনডেক্স নং-R682512) এর প্রার্থিত পদবী সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) DEO, সিরাজগঞ্জ এর স্মারক নং-জেসিঅ/সিরাজ/২০২০/৪২৪; তারিখ: ১৭.১১.২০ খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারকনং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-৪৮৭; তারিখ: ০৮.০২.২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন উল্লাপাড়া কামিল মাদ্রাসার সহকারী গ্রন্থাগারিক জনাব মোঃ নুরুল ইসলাম (ইনডেক্স নং-R682512) এর এমপিও শীটে পদবী সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিস্পত্তির লক্ষ্যে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মোঃ নুরুল ইসলাম এর পদবী LIB মুদ্রিত আছে ও নিয়োগ ও যোগদানপত্র কাগজ-পত্রে পদবী LIB উল্লেখ আছে এবং (ফেব্রুয়ারী/১৯৮৮) প্রথম এমপিও শীটে বেতন কোড ৯ (বর্তমানে ১১ কোডের সমপর্যায়) উল্লেখ আছে যা সহকারী গ্রন্থাগারিক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। মূলত গ্রন্থাগারিক পদের বেতন কোড ০৯, কিন্তু তিনি ০৯ কোডের পরিবর্তে প্রথম থেকেই সরকার কর্তৃক প্রদত্ত ১১ কোডে বেতন ভাতা পেয়ে আসছেন। বিধায়, তাঁর প্রকৃত পদবী AL মর্মে জনাব জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ) এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত পদবী LIB এর স্থলে AL সংশোধনের জন্য আবেদন করেছেন এবং জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী LIB এর স্থলে AL সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন উল্লাপাড়া কামিল মাদ্রাসার গ্রন্থাগারিক জনাব মোঃ নুরুল ইসলাম (ইনডেক্স নং-R682512) এর প্রার্থিত পদবী LIB এর স্থলে AL সংশোধন করা যেতে পারে।” (কপি সংযুক্ত) ০৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোঃ নুরুল ইসলাম (ইনডেক্স নং-R682512) এর তথ্য এবং প্রার্থিত পদবী নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	গ্রন্থাগারিক পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী	প্রার্থিত পদবী	মন্তব্য
০১	জনাব মোঃ নুরুল ইসলাম, গ্রন্থাগারিক (ইনডেক্স নং-R682512) উল্লাপাড়া কামিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ	০৬/০৭/১৯৮৭ খ্রি.	পদবী- LIB	পদবী- AL	এমপিও শীটে বিদ্যমান পদবী-LIB এর স্থলে আবেদনকারীর প্রার্থিত পদবী- AL সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোঃ নুরুল ইসলাম (ইনডেক্স নং-R682512) এর পদবী-LIB এর স্থলে-AL সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন

(Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।
 - ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।
 - ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
- সংযুক্তি: ১১ ফর্দ।



৩-৩-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৭৭.০০৭.২১.৭৫৬/১(৬)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৪) সভাপতি/অধ্যক্ষ, উল্লাপাড়া কামিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৫) জনাব মোঃ নুরুল ইসলাম, গ্রন্থাগারিক(ইনডেক্স নং-R682512) উল্লাপাড়া কামিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



৩-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)